

প্রেস বিজ্ঞপ্তি

বিআইডব্লিউটিএ কর্মচারীদের জন্য ১০ তলা কোয়ার্টার ভবন উদ্বোধন

ঢাকা, ৯ সেপ্টেম্বর;

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) কর্মচারীদের আবাসন সুবিধা প্রদানের লক্ষ্যে নারায়ণগঞ্জের পাগলায় ১০ তলা বিশিষ্ট স্টাফ কোয়ার্টার ভবন আজ উদ্বোধন করা হয়েছে।


নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান আজ ভবনটির উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে স্থানীয় সংসদ সদস্য শামীম ওসমান ও বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর এম মোজাম্মেল হক উপস্থিত ছিলেন।

বিআইডব্লিউটিএ'র কর্মচারীদের আবাসন সুবিধা দেয়ার জন্য ২০১৩ সালে ভবনটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান। ভবনটি নির্মাণে ৮ কোটি ৫০ লাখ টাকা ব্যয় হয়েছে। ১০ তলা ভবনের গ্রাউন্ড ফ্লোর ব্যতিত প্রতিটি ফ্লোরে ৪টি করে মোট ৩৬টি ফ্লোট রয়েছে যার প্রতিটির আয়তন ৬৫০ বর্গফুট।

শাজাহান খান বলেন, বিগত সরকারগুলোর অযত্ন ও অবহেলায় আমাদের নৌপথগুলো হারিয়ে গেছে। নৌপথ উদ্ধারে প্রয়োজন নদী খনন কার্যক্রম। সেলক্ষ্যে সরকারের গত মেয়াদে (২০০৯-১৪) ১৪টি ড্রেজার সংগ্রহ করা হয়েছে। চলতি মেয়াদে (২০১৪-১৯) ২০টি ড্রেজার সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। প্রাইভেট সেক্টরে শতাধিক ড্রেজার সংগৃহীত হয়েছে।

মন্ত্রী বলেন, নদী তীর অবৈধ দখলমুক্ত রাখতে ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গি ও তুরাগের তীরে ২০ কিলোমিটার 'ওয়াকওয়ে' নির্মাণ করা হয়েছে। আরো ৫৩ কিলোমিটার ওয়াকওয়ে নির্মাণ কাজ চলছে। পর্যায়ক্রমে ২৮০ কিলোমিটার ওয়াকওয়ে নির্মাণ করা হবে।

শাজাহান খান বলেন, শেখ হাসিনার সরকারের আমলে দেশে সকল ক্ষেত্রে অভূতপূর্ণ উন্নয়ন হয়েছে। উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে শেখ হাসিনার সরকারকে পুণরায় ক্ষমতায় আনতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।


(মোঃ জাহাঙ্গীর আলম খান)

সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

নৌপরিবহন মন্ত্রণালয়

☎ ৯৫৭৩৭৭৬ (অফিস)

☎ ৫৮৬১৬৮৭০ (বাসা)

০১৭১১৪২৫৩৬৪

jahangirpro66@gmail.com